সমর্থা হয়। এই ব্যতিরেক মুখে ভক্তির দুষ্ট জীব হইতে ভয়নিবারকত্ব দেখান হইয়াছে।

বৃহন্নারদীয়েও বর্ণিত হইয়াছেন। যেমন—

যত্র পূজাপরো বিষ্ণোস্তত্র বিঘ্নো ন বাধতে।
রাজা চ তস্করশ্চাপি ব্যাধয়শ্চ ন সন্তি হি॥
প্রেতাঃ পিশাচাঃ কুষ্মাণ্ডা গ্রহা বালগ্রহাস্তথা।
ডাকিন্যো রাক্ষসশ্চৈব ন বাধন্তেঽচ্যুতার্চ্চকম্॥

যে স্থানে বিষ্ণুপূজাপরায়ণ ভক্ত অবস্থান করেন, সে স্থানে বিঘ্ন কোন প্রকার বাধা উপস্থিত করিতে পারে না। রাজা, চোর, ব্যাধি সে স্থানেতে থাকে না। প্রেত, পিশাচ, কুষ্মাণ্ড-গ্রহ, বালগ্রহ, ডাকিনী, রাক্ষস প্রভৃতি কেহই শ্রীহরির অর্চ্চনকারী ভক্তকে বাধা দিতে সমর্থ হয় না। ৭।৫। শ্রীনারদ যুধিষ্ঠিরকে বলিয়াছেন॥ ১২৩॥

তথা—শারীরা মানসা দিব্যা বৈয়াসে যে চ মানুষাঃ। ভৌতিকাশ্চ কথং ক্লেশা বাধেরন্ হরিসংশ্রয়ম্॥ ১২৪॥

এবমপ্যুক্তং গারুড়ে—ন চ দুর্ব্বাসসঃ শাপো বজ্রঞ্চাপি শচীপতেঃ। হন্তুং সমর্থং পুরুষং হৃদিস্থে মধুসূদন ইতি॥ ৩—২২॥ শ্রীমৈত্রেয়ো বিদুরম্॥ ১২৪॥

হে বৈয়াসে! (হে ব্যাসনন্দন বিদুর!) শারীর, মানস (আধ্যাত্মিক) দিব্য, (আধিদৈবিক) মানুষ, (আধিভৌতিক) প্রভৃতি ক্লেশসমূহ হরিপদাশ্রিত ভক্তগণকে কেমন করিয়া বাধা প্রদান করিতে সমর্থ হইতে পারে? ১২৪॥

গরুড়-পুরাণেও এই প্রকারই উল্লেখ আছে। যথা—

ন চ দুর্ব্বাসসঃ শাপো বজ্রঞ্চাপি শচীপতেঃ।
হন্তুং সমর্থং পুরুষং হৃদিস্থে মধুসূদনে॥

যাহার হৃদয়ে শ্রীমধুসূদন অবস্থান করেন, দুর্ব্বাসামুনির শাপ এবং শচীপতি ইন্দ্রের বজ্রও সেই পুরুষকে বিনাশ করিতে সমর্থ হয় না। শ্রীমৈত্রেয় বিদুরকে বলিয়াছিলেন॥ ১২৪॥

অথ পাপঘ্নত্বে তাবদপ্রারব্ধপাপঘ্নত্বমাহ—যথাগ্নিঃ সুসমিদ্ধার্চ্চিঃ করোত্যেধাংসি ভস্মসাৎ। তথা মদ্বিষয়া ভক্তিরুদ্ধবৈনাংসি কৃৎস্নশঃ॥ ১২৫॥

টীকা চ—পাকাদ্যর্থমপি প্রজ্জ্বালিতোঽগ্নির্যথা কাষ্ঠানি ভস্মীকরোতি তথা বাগাদিনাপি কথঞ্চিন্মদ্বিষয়া ভক্তিঃ সমস্তপাপানীতি ভগবানপি স্বভক্তিমহিমাশ্চর্য্যেণ সম্বোধয়তি অহো উদ্ধব, বিস্ময়ং ত্যেযা। পাদ্মপাতালখণ্ডস্থ বৈশাখমাহাত্ম্যে চ—যথাগ্নিঃ সুসমিদ্ধার্চ্চিঃ করোত্যেধাংসি ভস্মসাৎ। পাপানি ভগবদ্ভক্তিস্তথা দহতি তৎক্ষণাদিতি। যদ্যপি হরিরিত্যবশেনাপি পুমান্নার্হতি যাতনামিত্যাদৌ লিঙ্গাদি-